গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-২
www.mof.gov.bd

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
৩০ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নং-০৭.০০.০০০০.১৬২.৩৭.০১৭.২২-৬৪০

বিষয়: জাতীয়করণকৃত 'মনোহরদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মনোহরদী, নরসিংদী' এর বেসরকারি আমলে কর্মরত শিক্ষক ও কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে ৩৩(তেত্রিশ)টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের প্রেক্ষিতে সৃজিত পদের বেতনগ্রেড নির্ধারণ সংক্রান্ত।

সূত্রঃ ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ,অর্থ বিভাগ এর স্মারক নং-০৭.০০.০০০০.১৫৩.১৫.১৯৮.২২-৪২৭, তারিখ: ০৭/০৬/২০২২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতীয়করণকৃত 'মনোহরদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মনোহরদী, নরসিংদী' এর বেসরকারি আমলে কর্মরত শিক্ষক ও কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে ৩৩(তেত্রিশ)টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/০৪/২০২২খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.২০৫. ২২-৬৮ নং স্মারক এবং ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগের ০৭/০৬/২০২২খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.১৯৮. ২২-৪২৭ নং স্মারকে সম্মতি জ্ঞাপনের প্রেক্ষিতে সৃজিত পদের বেতনগ্রেড নিম্নোক্ত শর্তে নির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| ক্র নং | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনগ্রেড (জা:বে:স্কে: ২০১৫অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | **স্কুল শাখা** | |
| ১ | প্রধান শিক্ষক প্রশাসনিক ০১(এক)টি | টাঃ ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগ বিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগবিধি, ১৯৮১ (সাধারণ শিক্ষা) (সংশোধনীসহ) এর তফসিলের **17(b) & (c)** নং ক্রমিকে উল্লেখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২ | সহকারী প্রধান শিক্ষক প্রশাসনিক ০১(এক)টি | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগ বিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগবিধি, ১৯৮১ (সাধারণ শিক্ষা) (সংশোধনীসহ) এর তফসিলের **18(d) & (e)** নং ক্রমিকে উল্লেখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৩ | সহকারী শিক্ষক<br>ভৌত বিজ্ঞান-০১(এক)টি<br>গণিত-০২(দুই)টি<br>বাংলা-০২(দুই)টি<br>ইসলাম ধর্ম-০১(এক)টি<br>শারীরিক শিক্ষা-০১(এক)টি<br>জীব বিজ্ঞান-০১(এক)টি<br>কৃষি শিক্ষা-০১(এক)টি<br>সামাজিক বিজ্ঞান-০৩(তিন)টি<br>ইংরেজি-০১(এক)টি<br>মোট=১৩(তের)টি | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ এর তফসিল-১ এর ১৫ (ঙ, গ, ক, ঠ, ঞ, চ, ট, ঘ ও খ) নং ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |

| ক্র নং | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনগ্রেড (জা:বে:স্কে: ২০১৫অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | সহকারী শিক্ষক<br>হিন্দু ধর্ম-০১(এক)টি | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) | **সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী নিয়োগ যোগ্যতা:**<br>**সরাসরি নিয়োগের মাধ্যমে পদ পুরণ যোগ্য।**<br>হিন্দু ধর্মের ক্ষেত্রে:<br>(ক) উপাধি ডিগ্রিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংস্কৃত বিষয়ে ২য় শ্রেণি/ সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা সংস্কৃত বিষয়ে ২য় শ্রেণি/ সমতুল্য সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>তবে শিক্ষা জীবনের যে কোন স্তরে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| | সহকারী শিক্ষক<br>কম্পিউটার শিক্ষা-০১(এক)টি | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) | **সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী নিয়োগ যোগ্যতা:**<br>**সরাসরি নিয়োগের মাধ্যমে পদ পুরণ যোগ্য।**<br>(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪(চার) বছর মেয়াদী ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>অথবা<br>(খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি।<br>তবে শিক্ষা জীবনের যে কোন স্তরে একাধিক ৩য় বিভাগ/ শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ৪ | সহকারী গ্রন্থাগারিক<br>০১(এক)টি | টাঃ ১০২০০-২৪৬৮০<br>(গ্রেড-১৪) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ এর তফসিল-১ এর ১৭ (খ) নং ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৫ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>০১(এক)টি | টাঃ ৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ এর তফসিল-১ এর ৩৯ (ক) নং ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৬ | অফিস সহায়ক<br>০২(দুই)টি | টাঃ ৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ এর তফসিল-১ এর ৬০ নং ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| উপমোট=২১(একুশ)টি | | | |
| **ভোকেশনাল শাখা** | | | |
| ৭ | সহকারী শিক্ষক (টেকনিক্যাল)<br>০৮(আট)টি | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) | **সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী নিয়োগ যোগ্যতা:**<br>**সরাসরি নিয়োগের মাধ্যমে পদ পুরণ যোগ্য।**<br>স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪(চার) বছর মেয়াদী ২য় শ্রেণির ডিপ্লোমা।<br>তবে শিক্ষা জীবনের যে কোন স্তরে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| | সহকারী শিক্ষক<br>গণিত-০১(এক)টি | টাঃ ১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ এর তফসিল-১ এর ১৫ (গ) নং ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৮ | কম্পিউটার ডেমোনেস্ট্রেটর<br>০১(এক)টি | টাঃ ৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ এর তফসিল-১ এর ৪০ (খ) নং ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণ যোগ্য। |

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

| ক্র নং | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনগ্রেড (জা:বে:স্কে: ২০১৫অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৯ | ল্যাব এ্যাসিসটেন্ট ০২(দুই)টি | টাঃ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | পদটি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য নয়। পদটি সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ এর তফসিল-১ এর ৫৮ নং ক্রমিকে উল্লেখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| উপমোট=১২(বার)টি | | | |
| বেতনগ্রেড নির্ধারণকৃত সর্বমোট পদ=৩৩(তেত্রিশ)টি | | | |

শর্তাবলি:

(ক) উপরের ছকের ৩নং কলামে নির্ধারণকৃত বেতনগ্রেড ৪নং কলামের শর্ত অনুযায়ী কার্যকর হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/০৪/২০২২খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.২০৫.২২-৬৮ নং স্মারক এবং ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগের ০৭/০৬/২০২২খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.১৯৮.২২-৪২৭ নং স্মারকে প্রদত্ত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে পদের মঞ্জুরী আদেশ (জি,ও) ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করতে হবে;

(গ) **সহকারী শিক্ষক (ইসলাম ধর্ম) ও সহকারী শিক্ষক (হিন্দু ধর্ম) এর পদনাম সংশোধনপূর্বক সহকারী শিক্ষক (ধর্ম) এবং সহকারী শিক্ষক (কম্পিউটার শিক্ষা) এর পদনাম সংশোধনপূর্বক সহকারী শিক্ষক (কম্পিউটার) হিসেবে পদ সৃজন করে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;**

(ঘ) সহকারী শিক্ষক (হিন্দু ধর্ম) পদে আত্তীকরণকৃত কর্মরত শিক্ষকের ক্ষেত্রে উপাধি ডিগ্রিসহ স্নাতক ডিগ্রি/সংস্কৃত বিষয়ে স্নাতক ডিগ্রি, সহকারী শিক্ষক (কম্পিউটার শিক্ষা) পদে আত্তীকরণকৃত কর্মরত শিক্ষকের ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি এবং সহকারী শিক্ষক (টেকনিক্যাল) পদে আত্তীকরণকৃত কর্মরত শিক্ষকের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা গ্রহণযোগ্য হবে;

(ঙ) সহকারী শিক্ষক (হিন্দু ধর্ম), সহকারী শিক্ষক (কম্পিউটার শিক্ষা) এবং সহকারী শিক্ষক (টেকনিক্যাল) পদে কর্মরত শিক্ষকগণের ক্ষেত্রে অবসর, মৃত্যু বা অন্য যে কোন কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে পদটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হয়ে যাবে;

(চ) সহকারী শিক্ষক (হিন্দু ধর্ম), সহকারী শিক্ষক (কম্পিউটার শিক্ষা) এবং সহকারী শিক্ষক (টেকনিক্যাল) পদের নিয়োগ যোগ্যতা যথাশীঘ্র বিদ্যমান/চূড়ান্ত নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করতে হবে এবং এর কোন ব্যত্যয় করা যাবে না;

(ছ) ল্যাব এ্যাসিসটেন্ট পদটি শুধুমাত্র সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য। পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য নয়- উক্ত শর্ত শীঘ্রই বিদ্যমান/চূড়ান্ত নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করতে হবে। এর কোন ব্যত্যয় করা যাবে না;

(জ) প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ঝ) 'মনোহরদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, মনোহরদী, নরসিংদী' এর জাতীয়করণের তারিখ অর্থাৎ ১১/১০/২০১৮খ্রিঃ তারিখে কার্যকর আত্তীকরণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণযোগ্য এবং

(ঞ) এ বিষয়ে বিদ্যমান সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

30.06.2022

(রীভা চাকমা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২৫৫১০০১৮৪

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা